



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।



বিজ্ঞপ্তি নং-১০৬/নসক/২০২৩

তারিখ: ০৩/০৮/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৩ বছর মেয়াদী ডিগ্রী (পাস) কোর্সে ১ম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, **অদ্য ০৩/০৮/২০২৩ খ্রি. হতে ৩০/০৮/২০২৩ খ্রি. এর মধ্যে** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) লিংকে গিয়ে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে ১কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আপলোড করতে হবে। **প্রাথমিক আবেদন ফরমের মূল্য বাবদ ২৫৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর ৩১৯ বিলার আইডিতে জমা দিয়ে টাকা জমাদানের প্রেমেন্ট স্লিপ ও TXN নম্বর সহ আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় জমা দিতে হবে।**

১। ভর্তির যোগ্যতা :

২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এ (পাস)/বি. এস.এস (পাস)/বি.বি.এস/বি.এস.সি (পাস) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা :

| ক্রম নং | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নাম  | পাসের বছর      | বোর্ড/বিশ্ববিদ্যালয়                      | সংশ্লিষ্ট পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা  |
|---------|--|----------------|---|--|
| ক       | এস.এস.সি/সমমান সকল শাখা  | ২০১৮/২০১৯/২০২০ | বাংলাদেশের স্বীকৃত                        | SSC সমমান-২.০০<br>HSC সমমান-২.০০   |
| খ       | এইচ.এস.সি/সমমান সকল শাখা   | ২০২০/২০২১/২০২২ | যে কোন শিক্ষাবোর্ড                        |  |
| গ       | এস.এস.সি/সমমান   | ২০১৮/২০১৯/২০২০ | অন্যান্য শিক্ষা বোর্ড /<br>বিশ্ববিদ্যালয় |  |
| ঘ       | এইচ.এস.সি/সমমান<br>* বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের<br>এইচ.এস.সি সমমান কোর্স সমূহ :<br>(ক) এইচ.এস.সি (ভোকেশনাল)<br>(খ) এইচ.এস.সি বিজনেস ম্যানেজম্যান্ট<br>(গ) ডিপ্লোমা-ইন-কমার্স | ২০২০/২০২১/২০২২ |   |  |
|         |  |                |   |  |
|         |  |                |   |  |
| ঙ       | O-Level পরীক্ষা  | ২০১৮/২০১৯/২০২০ |   | কমপক্ষে 'বি' গ্রেডসহ অন্তত ০৪<br>টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে।               |
| চ       | A-Level পরীক্ষা  | ২০২০/২০২১/২০২২ |   | কমপক্ষে ১টি বিষয়ে 'বি' গ্রেডসহ<br>অন্তত ০২ টি বিষয়ে উত্তীর্ণ হতে<br>হবে। |

২। বিদেশী সনদপত্রধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষাবোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীরা ডীন, স্নাতক পূর্বক শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় এর সঙ্গে সরাসরি যোগাযোগ করতে হবে।

৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ বা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

৩। আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা হতে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীরা মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র :

(ক) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (নম্বরপত্র) ফটোকপি ০১টি করে।

(খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১টি করে।

**৩১৯ বিলার আইডিতে টাকা জমাদানের নিয়মাবলি :**  
**শুধুমাত্র ডিগ্রী ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

বি.দ্র. : কম ফি/ভুল রোল নম্বরে/বিলার আইডিতে টাকা প্রদান করলে ভর্তি ফরম সাবমিট না হলে তার জন্য কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।